

স্মারক নং-৪৮.০২.০০০০.০০১.৯৯.২৯.২০- ৯ ৩৫


তারিখঃ ১৩ মাঘ, ১৪২৭ বঃ  
২৭ জানুয়ারি, ২০২১ খ্রিঃ

**বিষয়ঃ বীর মুক্তিযোদ্ধা যাচাই-বাছাই প্রসংগে।**

আজ (২৭/০১/২০২১ তারিখ) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ৩০/০১/২০২১ তারিখে অনুষ্ঠেয় মুক্তিযোদ্ধা যাচাই-বাছাই কমিটির সম্মানিত সদস্যদের সাথে জুম প্ল্যাটফর্মের মাধ্যমে এক মতবিনিময় সভায় মিলিত হন। উক্ত সভায় উত্থাপিত গুরুত্বপূর্ণ বিষয়সমূহ নিম্নরূপ:-

- জামুকা আইন জাতীয় সংসদে পাশ হয়, ২০০২ সালে এবং উক্ত আইনের ৭(ঝ) ধারা অনুযায়ী জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের সুপারিশ ছাড়া বীর মুক্তিযোদ্ধাদের গেজেট প্রকাশ করা যায় না।
- ২০০২ থেকে ২০০৯ সাল পর্যন্ত জামুকা আইনের ব্যত্যয় ঘটিয়ে বিপুল পরিমাণ গেজেট প্রকাশ করা হয় যাদের সমর্থনে অন্য কোন প্রমাণক নেই (যেমন লাল মুক্তিবর্তা, ভারতীয় তালিকাসহ ৩৩ ধরনের স্বীকৃত প্রমাণক)।
- যে সকল ব্যক্তির ২০১০ এর পূর্বে প্রকাশিত জামুকার সুপারিশবিহীন শুধু গেজেট রয়েছে কিন্তু অন্য কোন প্রমাণক নেই-তারা ৩০/০১/২০২১ ও ০৬/০২/২০২১ তারিখে অনুষ্ঠেয় যাচাই-বাছাই এর আওতায় আসবে।
- জামুকা কর্তৃক যাচাই-বাছাই এর জন্য মন্ত্রণালয় বা জামুকার ওয়েবসাইটে প্রকাশিত মুক্তিযোদ্ধাদের তালিকায় ভুলক্রমে অন্য কোন প্রমাণকে থাকা বীর মুক্তিযোদ্ধার নাম অন্তর্ভুক্ত হলেও উপজেলা/মহানগর যাচাই-বাছাই কমিটি তাঁদেরকে যাচাই-বাছাই এর আওতা বহির্ভূত রাখবেন। তেমনিভাবে যাচাই-বাছাই এর মানদণ্ড অনুযায়ী অন্তর্ভুক্ত হওয়া উচিত এমন গেজেটধারী বীর মুক্তিযোদ্ধাকে অন্তর্ভুক্ত করে যাচাই-বাছাই করতে পারবেন।
- পৌর নির্বাচনের জন্য যে সকল উপজেলায় ৩০/০১/২০২১ তারিখ যাচাই-বাছাই করা যাবে না সেখানে ০৬/০২/২০২১ তারিখ যাচাই-বাছাই কার্যক্রম সম্পন্ন করা যাবে।
- একদিনে যাচাই-বাছাই সমাপ্ত করা সম্ভব না হলে কমিটি প্রকাশ্যে ঘোষণা দিয়ে পরবর্তী তারিখ ঘোষণা করতে পারবে।
- ভারতে প্রশিক্ষণপ্রাপ্ত মুক্তিযোদ্ধাগণ যুদ্ধ করার সুযোগ না পেলেও মুক্তিযোদ্ধা হিসেবে গণ্য হবেন। তবে দেশের ভিতরে প্রশিক্ষণপ্রাপ্ত ব্যক্তিকে মুক্তিযোদ্ধা হিসেবে গণ্য করার জন্য অবশ্যই কমপক্ষে একটি পাক হানাদার বাহিনী বা তাদের দোসরদের সাথে সম্মুখ যুদ্ধে অংশগ্রহণ করতে হবে।
- অন্য তালিকাভুক্ত কোন বীর মুক্তিযোদ্ধার বিরুদ্ধে অভিযোগ থাকলে জামুকা বরাবর পরবর্তী অভিযোগ প্রদান করা যাবে।

২। উক্ত বিষয়সমূহ বিবেচনায় নিয়ে যাচাই-বাছাই কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হলো।

  
29/1/2021

(মোঃ জহুরুল ইসলাম রোহেল)

মহাপরিচালক

(অতিরিক্ত সচিব)

ফোন: ০২-৫৮৩১৩৪০৬

ই-মেইল: dg@jamuka.gov.bd

জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল)।